



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় কার্যালয়
বাঘারপাড়া, যশোর।
www.cooperative.bagherpara.jessore.gov.bd

স্মারক নং- ৪৭.৬১.৪১০৯.০০০.৩১.০০১.

তারিখঃ ০৯/০৪/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ চোগাছা ইউসিসিএ লিঃ এর ২০২৩-২০২৪খ্রিঃ সনের সম্পাদিত বার্ষিক নিরীক্ষার উপর টেস্ট অডিট সংক্রান্ত নোটিশ প্রেরণ।

সূত্রঃ বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, খুলনা, মহোদয়ের স্মারক নং-১৫০, তারিখঃ ১৭/০৩/২০২৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চোগাছা ইউসিসিএ লিঃ রেজিঃনং-৬২/খুলনা, তারিখঃ ২০/১২/১৯৮০খ্রিঃ এর ২০২৩-২০২৪খ্রিঃ সনের সদ্য সম্পাদিত বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা কার্যক্রমের উপর সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর বিধি ১০৫(১) মোতাবেক নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আগামী ২৮/৪/২০২৫খ্রিঃ তারিখ রোজ সোমবার সমিতির অফিস কক্ষে সকাল ১১.০০ ঘটিকায় টেস্ট অডিট অরম্ভ করা হবে। সংশ্লিষ্ট সমবায় সমিতির টেস্ট অডিট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আপনার সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করছি।

সুতরাং উক্ত সম্পাদিত নিরীক্ষা উপর টেস্ট অডিট কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে নিম্নলিখিত হিসাবাদি ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রসহ উক্ত তারিখে উপস্থাপন এবং ব্যবস্থাপনা কমিটির সদস্যদের যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

- ১। ৩০জুন-২০২৪খ্রিঃ তারিখের রেওয়মিল।
- ২। ৩০জুন-২০২৪খ্রিঃ তারিখের নগদ প্রবাহ বিবরণী।
- ৩। ২০২৩-২০২৪সালের লাভ-ক্ষতির হিসাব বিবরণী।
- ৪। ৩০/৬/২০২৪খ্রিঃ তারিখের উদ্বর্তপত্র।
- ৫। দেনা-পাওনার বিস্তারিত বিবরণী, ডিটেলিস্ট ৩০/৬/২০২৪ পর্যন্ত।
- ৬। ৩০ জুন ২০২৪ তারিখের ব্যাংক স্থিতি।
- ৭। সদস্য শেয়ার, সঞ্চয় খণ্ডসহ সকল রেজিষ্টার।

সভাপতি/ সম্পাদক
চোগাছা ইউসিসিএ লিঃ
চোগাছা, যশোর।


(মোহাঃ মোস্তাফিজুর রহমান)
টেস্ট অডিট কর্মকর্তা
ও
উপজেলা সমবায় অফিসার
বাঘারপাড়া, যশোর।

স্মারক নং-৪৭.৬১.৪১০৯.০০০.৩১.০০১. ৪২/১৩)

তারিখঃ ০৯/০৪/২০২৫ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
০১. জেলা সমবায় অফিসার, যশোর।
০২. অফিস নথি।


টেস্ট অডিট কর্মকর্তা
ও
উপজেলা সমবায় অফিসার
বাঘারপাড়া, যশোর।